# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৬৪০

১/ বিবিধ

আরবী

ركعتان من المتأهل خير من اثنتين وثمانين ركعة من العزب

باطل

تمام الرازي في " الفوائد " (6 / 118 / 1) وعنه الضياء في " المختارة " (117 / 1) عن مسعود بن عمرو البكري: حدثنا حميد الطويل عن أنس مرفوعا. قال الذهبي في ترجمة مسعود هذا: " لا أعرفه، وخبره باطل ". ثم ساق له هذا الحديث وأقره الحافظ في " اللسان " إلا أنه قال: " وقد تقدم نحو هذا المتن من حديث أنس من وجه آخر في ترجمة مجاشع بن عمرو، وهو معروف به

وحديث مجاشع تكلمت عليه آنفا، وذكرنا أن ابن الجوزي حكم بوضعه، ومن العجيب أن السيوطي تعقبه في " اللآلي " (2 / 160) بأن له طريقا أخرى ثم ساق هذه عن تمام ثم قال: " أخرجه من هذه الطريق الضياء في " المختارة " لكن تعقبه الحافظ ابن حجر في أطرافه فقال: هذا حديث منكر ما لإخراجه معنى "! فما معنى تعقب السيوطي إذن على ابن الجوزي بهذه الطريق المنكرة باعترافه، بل ما معنى إخراجه للحديث في " الجامع الصغير " مع قول الحافظ فيه: " إنه خبر باطل

বাংলা

৬৪০। বিবাহিত ব্যক্তির দুই রাকাআত সালাত অবিবাহিত ব্যক্তির বিরাশি রাকাআতের চেয়েও উত্তম।

হাদীছটি বাতিল।

এটি তাম্মাম আর-রাযী “আল-ফাওয়ায়েদ (৬/১১৮/১) গ্রন্থে এবং যিয়া "আল-মুখতারাহ" (১/১১৭) গ্রন্থে মাসউদ ইবনু আমর আল-বাকরী হতে ... বর্ণনা করেছেন।

ইমাম যাহাবী মাস’উদের জীবনীতে বলেনঃ আমি তাকে চিনি না, তার হাদিস বাতিল। অতঃপর তিনি এ হাদীছটি বর্ণনা করেছেন। হাফিয ইবনু হাজার “আল-লিসান” গ্রন্থে তার বক্তব্যকে সমর্থন করেছেন।

সুয়ূতী “আল-লাআলী” (২/১৬০) গ্রন্থে অন্য সূত্র রয়েছে বলার পর বলেছেনঃ হাফিয ইবনু হাজার বলেনঃ এ হাদীছটি মুনকার, এটির তাখরীজ করার কোন অর্থ হয় না! অতএব ইমাম সুয়ুতী কর্তৃক হাদীছটির অন্য সূত্র রয়েছে এরূপ বলে ইবনুল জাওযীর সমালোচনা করার কোন অর্থ হয় না। “জামেউস সাগীর” গ্রন্থেও উল্লেখ করাটা অর্থহীন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=71519

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন